তারিখ. 19 JUN. 1991
পৃষ্ঠা ২ কলাম ২

দৈনিক খবর

253

# মহানগরীর শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট পালিত

।। স্টাফ রিপোর্টার ।।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে হত্যাকান্ডের প্রতিবাদে ছাত্রলীগ (শা-অ) ও জাতীয়তাবাদী ছাত্রদলের আহবানে গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়সহ নগরীর বিভিন্ন শিক্ষা

২-এর পাতায় দেখুন

## মহানগরীর শিক্ষা

প্রথম পৃষ্ঠার পর

প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট পালিত হয়েছে।

সংগঠনের কর্মী মানব কান্তি দে স্বপনকে হত্যার প্রতিবাদে ছাত্রলীগ (শা-অ) গতকাল ঢাকা মহানগরীর সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট আহবান করে। এদিকে সংগঠনের কর্মী মনিরুজ্জামান মনিরের হত্যাকান্ডের প্রতিবাদে জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল শুধুমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট আহবান করে। উভয় পক্ষ আহূত এ পূর্ণদিবস ছাত্র ধর্মঘটের কারণে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়সহ নগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম বন্ধ ছিল। ঢাকা বিশ্ববিদ্যালয়ে এ উপলক্ষে প্রশাসনিক কার্যক্রমও বন্ধ ছিল।

ছাত্র ধর্মঘট চলাকালে সকালে ছাত্রলীগের (শা-অ) উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক বিক্ষোভ মিছিল শেষে অপরাজেয় বাংলার পাদদেশে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তৃতা করেন সংগঠনের সভাপতি শাহে আলম, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি গোলাম মোস্তফা সুজন ও সাধারণ সম্পাদক কামরুজ্জামান আনসারী।

সমাবেশে অবিলম্বে স্বপনের হত্যাকারীদের গ্রেফতার ও শাস্তি দাবী করে বলা হয়, জগন্নাথ কলেজের ঘটনার মাধ্যমে তথাকথিত গণতান্ত্রিক সরকারের আসল চেহারা ফুটে উঠেছে।

একই সময়ে জাতীয়তাবাদী ছাত্রদলের উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয় কলাভবন প্রাঙ্গণে এক বিক্ষোভ মিছিল শেষে ডাকসু ভবনের সামনে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন ছাত্রদল নেতা ইলিয়াস আলী, হাবিবুল ইসলাম হাবিব ও হাবিব-উন-নবী সোহেল।

সমাবেশে অবিলম্বে মনিরের হত্যাকারীদের গ্রেফতার ও বিচারের দাবী জানিয়ে বলা হয়, ৩২ নম্বরের নীলনক্সা অনুযায়ী আজ শিক্ষাঙ্গনে সন্ত্রাস চালানো হচ্ছে।